# ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে অনুষ্ঠিত

# “ বিশ্ব বাবা দিবস” ২০২৬

অদ্য ২১ জুন, ২০২৬ রোজ রোববার, ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল প্রাঙ্গণে ” বিশ্ব বাবা দিবস ২০২৬” যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। স্কুলের প্রত্যেক পুরুষ শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীদের ফুল দিয়ে অভ্যর্থনা জানানো হয়।




প্রধান শিক্ষক রতন পিটার গমেজ বাবা দিবসের ইতিহাস ও তাৎপর্য বর্ণনা করেন। তিনি বলেন যে একজন বাবা হলেন বট গাছের মতো, যিনি তার সন্তানদের ছায়ার মতো আগলে রাখেন।



একজন বাবা তার সন্তানের জন্মের পর তা সকল দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করেন।



দশম শ্রেণির ছাত্রী, ডোনা ঢাকী বাবা দিবসের ভালবাসা ও অবদানকে সম্মান জানিয়ে বক্তব্য দেয়। সে বলে যে, ১৯১০ সালের ১৯ জুন ওয়াশিংটনের স্পোকেন শহরে সোনারা স্মার্ট ডড নামের এক নারী প্রথম দিবসটি উদযাপন করেন।




এর আগে ১৯০৮ সালের ৫ জুলাই পশ্চিম ভার্জিনিয়ার ফেয়ারমন্টের একটি মেথডিষ্ট গির্জায় গ্রেগ গোল্ডেন ক্লেটন নামের আরেক নারীর পরামর্শে খনির ভয়াবহ দুর্ঘটনায় ৩৬১ জন পুরুষ তথা বাবাদের সম্মানে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করেন। বর্তমানে বিশ্বে মোট ১১১টি দেশে জুন মাসের তৃতীয় রবিবার বাবা দিবস হিসেবে পালন করে। ইউরোপীয় দেশগুলোতে ১৯ মার্চ সাধু যোসেফের পর্ব দিনে পালন করা হয়। শিক্ষকদের সম্মান জানাতে শিক্ষার্থীরা ছোট সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।



ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের পক্ষ হতে বিশ্বেও সকল বাবাদের ”বাবা দিবসের” শুভেচ্ছা।